# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র　　বিষয় কোড: ২ ৯ ২

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ জনাব সামিন একটি নির্মাণ প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপক। প্রতিষ্ঠানের হাতে দুটি প্রকল্পে বিনিয়োগ প্রস্তাব আছে। প্রকল্প দুটি বিশ্লেষণের পর জনাব সামিন প্রকল্প 'ক' এ বিনিয়োগ করার সুপারিশ করলেন। প্রকল্প দুটির ক্ষেত্রেই বিনিয়োগের পরিমাণ হলো ৪০,০০,০০০ টাকা। আগামী ৫ বছরের প্রকল্প দুটি হতে নিম্নোক্ত নগদ প্রবাহ প্রাক্কলন করা হলো:

| বছর | নগদ প্রবাহ (টাকা) | |
|---|---|---|
| | প্রকল্প 'ক' | প্রকল্প 'খ' |
| ১ | ২৫,০০,০০০ | ৮,০০,০০০ |
| ২ | ২০,০০,০০০ | ১০,০০,০০০ |
| ৩ | ১৫,০০,০০০ | ১৫,০০,০০০ |
| ৪ | ১০,০০,০০০ | ২০,০০,০০০ |
| ৫ | ৮,০০,০০০ | ২৫,০০,০০০ |
| মোট | ৭৮,০০,০০০ | ৭৮,০০,০০০ |

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. মুনাফা সর্বোচ্চকরণ বলতে কী বুঝায়? ২

গ. জনাব সামিন দুটি প্রকল্পের যে বিশ্লেষণ করেছেন তা অর্থায়নের কোন কার্যাবলীর অন্তর্ভুক্ত? ৩

ঘ. জনাব সামিনের প্রকল্প 'ক' নির্বাচনের যৌক্তিকতা আলোচনা করো। ৪

২. ▶ জনাব রায়হান একজন ক্ষুদ্র বিনিয়োগকারী। তিনি জানতে পারেন যে মূলধন বাজারে স্কয়ার কোম্পানির স্থির আয় ও জামানতযুক্ত মেয়াদি সিকিউরিটি আছে, যা ক্রয় করলে আয় প্রাপ্তির ক্ষেত্র সবার আগে অগ্রাধিকার পাওয়া যাবে। কিন্তু কোম্পানির সিদ্ধান্ত গ্রহণে অংশগ্রহণ করা যাবে না। অন্যদিকে একই রকম মেয়াদযুক্ত সরকারি সিকিউরিটি বাজারে ক্রয়-বিক্রয় হয় যার কোনো জামানত নেই। জনাব রায়হান সরকারি সিকিউরিটিতে বিনিয়োগ না করে স্কয়ার কোম্পানির সিকিউরিটিতে বিনিয়োগ করেন।

ক. আর্থিক বাজার কী? ১

খ. মানি লন্ডারিং আইনের উদ্দেশ্য কী? ২

Teachingbd.com

http://teachingbd.com

গ. উদ্দীপকে উল্লিখিত স্কয়ার কোম্পানি মূলধন বাজারে কোন ধরনের সিকিউরিটি বিক্রয় করছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব রায়হানের বিনিয়োগ সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩. ▶ সুমন সাহেব তার ব্যবসায়ের জন্য একটি মেশিন ক্রয় করেন। মেশিনটির ক্রয়মূল্য ১,৫৫,০০০ টাকা। মেশিনটি আগামী ৫ বছর ধরে প্রতি বছর ৫০,০০০ টাকা করে নগদ আন্তঃপ্রবাহ প্রদান করবে বরে প্রত্যাশা করা হচ্ছে।

ক. অর্থের সময়মূল্য কী? ১

খ. কেন বর্তমান মূল্য ভবিষ্যতে মূল্যের তুলনায় অধিক পছন্দনীয়? ২

গ. যদি সুমনের বাট্টার হার ১১.৫% হয় তবে জনাব সুমনের মেশিনটির বর্তমান নগদ সুবিধা কত হবে? ৩

ঘ. যদি প্রতি বছর মেশিনটি ২০,০০০ টাকা করে নগদ সুবিধা প্রদান করে তবে সুমন সাহেবের সিদ্ধান্তের যৌক্তিকতা তুলে ধরো। ৪

৪. ▶ একটি প্রতিষ্ঠানের বার্ষিক মোট বিক্রয় ১০,০০০ একক। বার্ষিক স্থির ব্যয় ১,০০,০০০ টাকা। প্রতি একক বিক্রয় মূল্য ৫০ টাকা এবং প্রতি একক উৎপাদন ব্যয় ৩০ টাকা।

ক. বিক্রয়ের সমচ্ছেদ কী? ১

খ. নগদ প্রবাহ বিবরণীতে অন্তর্ভুক্ত কার্যাবলিগুলো কী? ২

গ. প্রতিষ্ঠানটি বিক্রয়ের সমচ্ছেদ বিন্দু কত হবে? ৩

ঘ. যদি প্রতিষ্ঠানটির বার্ষিক স্থির ব্যয় ২০,০০০ টাকা হ্রাস করতে পারে তবে সমচ্ছেদ বিন্দুর কোন পরিবর্তন হবে কি না? ব্যাখ্যা করো। ৪

৫. ▶ একটি বাজারে ধারে পণ্য বিক্রয়ের শর্ত নিম্নরূপ:

বিকল্প (১) ২/২০, নিট ৫০ এবং বিকল্প- (২) ৩/১৬, নিট ৬০। সুরমা কোম্পানির উপরে বর্ণিত বিকল্পসমূহের শর্ত পরিবর্তন সাপেক্ষে বাজার হতে পণ্য ক্রয় করতে আগ্রহী। বিকল্প- (১) যদি প্রদেয় বিলের মেয়াদ ১০ দিন বৃদ্ধি করা হয়। বিকল্প- (২) যদি বাট্টা প্রাপ্তির মেয়াদ ১০ দিন বৃদ্ধি করা হয়।

http://teachingbd.com

ক. স্বল্পমেয়াদি অর্থায়ন কী? ১
খ. কোন ধরনের প্রতিষ্ঠান বাণিজ্যিক কাগজ ইস্যু করে থাকে? ২
গ. বিকল্প-(১) এ ক্ষেত্রে ব্যবসায় ঋণের খরচ কত হবে? নির্ণয় করো। ৩
ঘ. সুরমা কোম্পানির জন্য কোন বিকল্পটি উত্তম এবং কেন? বিশ্লেষণ করো। ৪

৬. ▶ নিগার মেরী লি. বন্ড বাজারে বিনিয়োগ করতে আগ্রহী। এজন্য তার হাতে দুটি বিকল্প রয়েছে- বন্ড A এবং বন্ড B তে বিনিয়োগ। প্রতি বন্ডের মেয়াদ ৫ বছর এবং লিখিত মূল্য ১,০০০ টাকা। বন্ড A ও B এর প্রত্যাশিত আয়ের হার যথাক্রমে ৮% ও ৯%। বন্ড A ও B এর বার্ষিক কুপন হার ৭% এবং ৬%। বন্ড A -এর মেয়াদ শেষে পরিশোধ করা হবে ১,১০০ টাকা।
ক. কুপন বণ্ড কী? ১
খ. শেয়ার ও ঋণপত্রের মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. A বন্ডের অন্তর্নিহিত মূল্য কত হবে? ৩
ঘ. কোন বন্ডটি অধিক লাভজন বলে তুমি মনে করো। মূল্যায়ন করো। ৪

৭. ▶ ইউনিক লি.-এর মূলধন কাঠামো নিম্নের ছকে দেওয়া হলো:

| মূলধনের উৎস | টাকা |
|---|---|
| সাধারণ শেয়ার মূলধন | ৪০,০০০ |
| ১০% অগ্রাধিকার শেয়ার | ১০,০০০ |
| ১৪% ডিবেঞ্চার | ৩০,০০০ |

কোম্পানি সাধারণ শেয়ার বর্তমানে বাজারে ৫০ টাকায় বিক্রি করা হচ্ছে। ধারণা করা হচ্ছে যে কোম্পানিটি আগামী বছর প্রতি শেয়ার ৫ টাকা করে লভ্যাংশ প্রদান করবে যা সবসময় ৭% হারে বৃদ্ধি পাবে। কর্পোরেট কর হার ৩০%।
ক. সুযোগ ব্যয় কী? ১
খ. কেন নতুন সাধারণ শেয়ারের ব্যয় সংরক্ষিত মুনাফার ব্যয় অপেক্ষা বেশি হয়? ২
গ. উদ্দীপকের ইউনিক লি.-এর ভার আরোপিত গড় মূলধন ব্যয় কত হবে? ৩
ঘ. কোম্পানি যদি অতিরিক্ত ২০,০০০ টাকা ১৪% ডিবেঞ্চারের মাধ্যমে ঋণ

Teachingbd.com

মূলধন সংগ্রহ করে তবে মূলধন ব্যয়ের উপর যে প্রভাব পড়বে তা বিশ্লেষণ করো। ৪

৮.▶জনাব রিয়াদের নিকট ১ লক্ষ টাকা আছে। তিনি বিনিয়োগের জন্য নিম্নোক্ত প্রকল্প মূল্যায়ন করছেন:

| প্রকল্প/সময় | ০ | ১ | ২ | ৩ |
|---|---|---|---|---|
| A | (৬০,০০০) | ১০,০০০ | ৩০,০০০ | ৪০,০০০ |
| B | (৭৫,০০০) | ৫০,০০০ | ২৫,০০০ | ১৫,০০০ |

জনাব রিয়াতের প্রত্যাশিত আয়ের হার ১২%।

ক. মূলধন বাজেটিং কী? ১

খ. পরস্পর বর্জনশীল প্রকল্পের ক্ষেত্রে কিভাবে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণ করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. প্রকল্প-B-এর নিট বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. IRR এর ভিত্তিতে জনাব রিয়াদের কোন প্রকল্পের বিনিয়োগ করা উচিত বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ABC লি. ও XYZ লি.-এর দুটি সিকিউরিটির আয়ের হার ও আয়ের সম্ভাবনা নিম্নের ছকে দেয়া হলো:

| আয়ের সম্ভাবনা | আয়ের হার | |
|---|---|---|
| সম্ভাবনা | ABC লি. | XYZ লি. |
| ০.১৮ | ১৮% | ১৯% |
| ০.২২ | ২০% | ১৬% |
| ০.২১ | ২৭% | ২৬% |
| ০.১৫ | -৩% | ২% |
| ০.২৪ | ১৭% | ১৩% |

ক. পোর্টফোলিও ঝুঁকি কী? ১

খ. ঝুঁকির প্রকারভেদগুলো লিখ। ২

গ. ABC লি. ও XYZ লি.-এর গড় প্রত্যাশিত আয়ের হার বের করো। ৩

ঘ. কোনটি বেশি ঝুঁকিপূর্ণ বলে তুমি মনে করছো? মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা-প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৯ ২

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও।**

তালুকদার সাহেব একজন গ্রামীণ মহাজন। কৃষক মকবুল তার কাছ থেকে সাপ্তাহিক ১.৫% হারে চক্রবৃদ্ধি সুদে ঋণ গ্রহণ করে। সংসারের টানাপোড়নের জন্য ১১ বছর লেগে যায় তার টাকা পরিশোধ করতে।

১. **মকবুল প্রকৃত পক্ষে মহাজনকে শতকরা কত হারে সুদ প্রদান করবে?**
ক) ১০০% খ) ১১৬.৮৯%
গ) ১৫২% ঘ) ১৫৭.১৫%

২. **এক্ষেত্রে মকবুল অর্থের সময় মূল্যের কোন সূত্র প্রয়োগের মাধ্যমে মহাজনকে বার্ষিক সুদ প্রদান করে?**
ক) ভবিষ্যৎ মূল্য নির্ণয়ের সূত্র
খ) বার্ষিক বৃত্তি নির্ণয়ের সূত্র
গ) বর্তমান মূল্য নির্ণয়ের সূত্র
ঘ) প্রকৃত সুদের হার নির্ণয়ের সূত্র

৩. **মি: শহীদ ৮,০০০ টাকা ৭ বছর ধরে ১৪% চক্রবৃদ্ধি হারে জমা রাখছেন। তিনি ৭ বছর পর কত টাকা পাবেন?**
ক) ৮৪,২৭৮ টাকা খ) ৮৫,৮৪৪ টাকা
গ) ৮৬,৬৪৯ টাকা ঘ) ৮৭,১৯৩ টাকা

৪. **ভবিষ্যৎ মূল্য নির্ধারিত হয়—**
i. সাধারণ বার্ষিক বৃত্তিতে
ii. অগ্রিম বার্ষিক বৃত্তিতে
iii. মাসিক বৃত্তিতে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. **ব্রেক ইভেন বিশ্লেষণের মাধ্যমে কোনো প্রতিষ্ঠানের কাজগুলো হলো—**
i. নির্ধারিত লক্ষ্য ও ফলাফলের তুলনা
ii. বিচ্যুতির পরিমাণ ও কারণ নির্ণয়
iii. আর্থিক নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. **আর্থিক বিশ্লেষণ কার্যের পর্যায় কয়টি?**
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

৭. **নগদ বিবরণীতে বাদ পরে—**
i. সম্পদের পরিবর্তন
ii. ত্বরিত সম্পত্তি
iii. নগদ প্রবাহ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ঘ) i, ii ও iii

৮. **অর্থ সংক্রান্ত কার্যাবলীগুলো হলো—**
i. ঋণপত্র ইস্যুলব্ধ অর্থ
ii. বন্ড ও বন্ধকি ঋণ ইস্যু
iii. পুনঃশেয়ার ক্রয়ের জন্য মালিককে প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. **শামীম একজন শিল্পপতি। তিনি কলম উৎপাদন করেন। ১ম মাসে তিনি ৫,০০০ কলম উৎপাদন করেছেন। ২য় মাসে ৮,০০০ কলম উৎপাদন করেছেন। এক্ষেত্রে তার পরিবর্তনশীল ব্যয়ের অবস্থা কী রূপ হবে?**
ক) বাড়বে খ) কমবে
গ) সমান হবে ঘ) অপরিবর্তনীয়

১০. **আর্থিক বিশ্লেষণ একজন ব্যবস্থাপককে কোনটিতে সাহায্য করে?**
ক) পরিকল্পনা প্রণয়নে খ) ঋণ পরিশোধে
গ) শেয়ার প্রতি আয় নির্ধারণে
ঘ) দায় পরিশোধে

১১. **সুবর্ণা ১০% সুদে ২০,০০০ টাকা ২ বছর মেয়াদে ঋণ হিসেবে গ্রহণ করলেন। তার মোট প্রত্যক্ষ ব্যয় কত?**
ক) ২,০০০ টাকা খ) ৪,০০০ টাকা
গ) ৬,০০০ টাকা ঘ) ৮,০০০ টাকা

১২. **ঋণের প্রদত্ত সুদকে কি বলে?**
ক) মূলধন আয় খ) আবর্তক আয়
গ) বিনিয়োজিত ব্যয় ঘ) মূলধন ব্যয়

১৩. **শিমুল প্রতি মাসে ১,০০০ টাকা ভাড়া প্রদানের শর্তে ১০ মাসে পরিশোধ্য একটি মেশিন ক্রয় করেন। এখানে ভাড়া ব্যয় কত হবে?**
ক) ১,০০০ টাকা খ) ২,০০০ টাকা
গ) ১০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

১৪. $\frac{\text{আসল ঋণকৃত টাকা}}{\text{কিস্তির সংখ্যা}}$ = কি?
ক) আসল কিস্তি খ) বেলুন কিস্তি
গ) মূলধন ঘ) সুদাসল

**উদ্দীপকটি পড়ো এবং ১৫-১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

শিম্পি ট্রেডিং ১০% সুদে পাঁচ বছরের জন্য সোনালী ব্যাংক থেকে ১০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করলো। প্রতিষ্ঠানটি বেলুন পদ্ধতি অনুসরণ করে সমান কিস্তিতে ঋণ পরিশোধ করতে চায়।

১৫. **বার্ষিক আসল কিস্তির পরিমাণ কত?**
ক) ২০,০০০ টাকা খ) ২,০০,০০০ টাকা
গ) ২,২০,০০০ টাকা ঘ) ৩,০০,০০০ টাকা

১৬. **পাঁচ বছর শেষে শিম্পি ট্রেডিং এর ঋণের পরিমাণ কত থাকবে?**
ক) ০ (শূণ্য) টাকা খ) ১ লক্ষ টাকা
গ) ১০ লক্ষ টাকা ঘ) ৫ লক্ষ টাকা

১৭. **শিম্পি ট্রেডিং প্রথম বছর কত টাকা পরিশোধ করবে?**
ক) ২ লক্ষ টাকা খ) ৩ লক্ষ টাকা
গ) ৪ লক্ষ টাকা ঘ) ৫ লক্ষ টাকা

১৮. **শূণ্য কুপন বন্ডে কি হারে সুদ প্রদান করা হয়?**
ক) কুপন রেটে খ) বাজার হারে
গ) উচ্চ হারে
ঘ) কোন সুদ প্রদান করা হয় না

১৯. **স্টক মার্কেটে শেয়ার ক্রয় বিক্রয় পদ্ধতির আওতাভুক্ত—**
i. মর্টগেজ পদ্ধতি
ii. কল ওভার পদ্ধতি
iii. জবিং পদ্ধতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd.com

http://teachingbd.com

২০. ঝুঁকি ও মূলধন ব্যয়ের মধ্যে কিরূপ সম্পর্ক বিদ্যমান?
ক ঋণাত্মক  খ ধনাত্মক
গ শূন্য  ঘ বিচ্ছিন্ন

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।
মি: আবরার এবিসি কোম্পানির ৫ বছর মেয়াদি বন্ড প্রতিটি ১,০০০ টাকা মূল্যে ক্রয় করেছে। বন্ডের লিখিত মূল্য ১,০০০ টাকা এবং কুপন রেট ১০%।

২১. ইল্ড-টু ম্যাচুরিটি কত?
ক ৯%  খ ১০%
গ ১২%  ঘ ১১.৫%

২২. বাজার সুদের হার বৃদ্ধি পেলে উদ্দীপকে এবিসি কোম্পানির বন্ডের মূল্য—
i. বৃদ্ধি পাবে
ii. হ্রাস পাবে
iii. অপরিবর্তিত থাকবে
নিচের কোনটি সঠিক?
ক ii  খ i ও ii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৩. লভ্যাংশ বৃদ্ধি পদ্ধতিতে অনুমান করা হয়—
i. কোম্পানির মূলধন প্রতি বছর বৃদ্ধি পাবে
ii. কোম্পানির লভ্যাংশ প্রতি বছর বৃদ্ধি পাবে
iii. লভ্যাংশের হার সব সময় সমান থাকবে
নিচের কোনটি সঠিক?
ক ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
তানভীর হোসেনের প্রতিষ্ঠানের সাধারণ শেয়ারের ব্যয় ১৮% এবং ব্যক্তিগত করের হার ২০%।

২৪. তানভীর হোসেনের সংরক্ষিত মুনাফার ব্যয় কত?
ক ১৪.৫  খ ১৪.৬
গ ১৪.৪  ঘ ১৭.৭

২৫. ব্যক্তিগত করের হার ১৭.৩২৭% হলে তার সংরক্ষিত মুনাফার ব্যয় কত?
ক ১৪.৮৮  খ ১৪.৯০
গ ১৪.৯২  ঘ ১৪.৯৫

২৬. স্বাধীন প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে বিবেচনা করা হয়—
i. অর্থনৈতিক বিষয়
ii. বাণিজ্যিক বিষয়
iii. কারিগরি বিষয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৭. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণকে কি বলা হয়?
ক মূলধন ব্যয়  খ মূলধন বাজেটিং
গ মূলধন রেশনিং  ঘ অর্থের সময় মূল্য

২৮. ব্যবসায় প্রতিষ্ঠানে যে সব ব্যবসায়িক ঝুঁকি বিদ্যমান—
i. ত্রুটিপূর্ণ ব্যবস্থাপনা
ii. কর্মী অসন্তোষ
iii. নতুন ব্যবস্থাপকের আগমন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৯. ২০১২ থেকে ২০১৪ সাল পর্যন্ত রেট্রো কোম্পানির আয় ছিল যথাক্রমে ২০%, –১৫%, ২২%। রেট্রো কোম্পানির গড় আয় কত?
ক ২৭%  খ ১৯%
গ ১৩.৫%  ঘ ৯%

৩০. রিন লি: এর গত ৫ বছরের অর্জিত আয় থেকে গড় আয়ের ব্যবধানের বর্গের যোগফল ৫৩২। রিন লি: এর আদর্শ বিচ্যুতি কত?
ক ১০%  খ ১০.৩১%
গ ১১.৫৩%  ঘ ২০.০৬%

৩১. মূলধন বাজার বৃদ্ধির সাথে সাথে ঘটবে—
i. অত্যাধিক বিনিয়োগ
ii. অর্থনৈতিক উন্নতি
iii. কর্মসংস্থান বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩২. যে কোন অর্থনীতির প্রথম ও প্রধান চাবিকাঠি কোনটি?
ক মুদ্রা বাজার  খ প্রাথমিক বাজার
গ বন্ড বাজার  ঘ মূলধন বাজার

৩৩. দেশের রাজস্ব নীতি প্রণয়ন করে কে?
ক স্থানীয় সমিতি  খ দেশের সরকার
গ জেলা প্রশাসক  ঘ অর্থমন্ত্রী

৩৪. অর্থনীতি একটি দেশের চালিকা শক্তি। এ শক্তির মূল উৎস কী?
ক ব্যবসায় বাণিজ্য  খ আমদানি বাণিজ্য
গ রপ্তানি বাণিজ্য  ঘ শক্তিশালী বন্ড বাজার

৩৫. ব্যাংকে তারল্য সংকট থাকলে—
i. সুনাম হ্রাস পায়
ii. গ্রাহকের আস্থা বৃদ্ধি পায়
iii. আমানত সংগ্রহের হার কম হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৬. মূলধন বাজারে নিচের কোনটি ক্রয়-বিক্রয় হয়ে থাকে?
ক বৈদেশিক মুদ্রা  খ বিনিময় বিল
গ স্থায়ী সম্পত্তি  ঘ ডিবেঞ্চার

৩৭. শেয়ার বাজারে সার্কিট ব্রেকার চালু হয় কত সালে?
ক ১৯৫০ সালে  খ ১৯৬০ সালে
গ ১৯৯০ সালে  ঘ ১৯৯৬ সালে

৩৮. বাংলাদেশ ক্ষুদ্র ঋণ কর্তৃপক্ষ গঠনের ফলাফল হলো—
i. ক্ষুদ্র অর্থায়নে গতিশীলতা
ii. ক্ষুদ্র অর্থায়নে উন্নয়ন
iii. ক্ষুদ্র ঋণ হ্রাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৯. রাষ্ট্রপতির আদেশনামাকে কী বলা হয়?
ক অধ্যাবলি  খ অধ্যাদেশ
গ প্রমোশন  ঘ ডিগ্রী

৪০. মি: সালাম ৩ বছর পরে ১০% চক্রবৃদ্ধি সুদের হারে যদি ৩,৩২৭.৫০ টাকা পায় তবে এর বর্তমান মূল্য কত হবে?
ক ২,৫০০ টাকা  খ ২,৯০০ টাকা
গ ৩,২০০ টাকা  ঘ ৩,৬০০ টাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ক | ৩৯ | খ | ৪০ | ক |

http://teachingbd.com